

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৫৩(আগরতলা, ২০।০২)
খোয়াই, ২০ ফেব্রুয়ারি, ২০১৯

সোনাতলায় ক্ষেত্র দিবস পালিত

চেবরীস্থিত দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে সম্প্রতি পশ্চিম সোনাতলা পঞ্চায়েতে ডাল শস্যাদানা চাষ বিষয়ক ক্ষেত্র দিবস পালিত হয়। জাতীয় খাদ্য সুরক্ষা মিশন প্রকল্পে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম সোনাতলা পঞ্চায়েত প্রধান দেবশীষ শুরুদাস, বিশিষ্ট সমাজসেবী সমরেন্দ্র দত্ত, দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের সিনিয়র সায়েন্টিস্ট ড. দীপক নাথ, আই সি এ আর ত্রিপুরা সেন্টারের প্রিন্সিপাল সায়েন্টিস্ট ড. অনুপম দাস, খোয়াই কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক চন্দন দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের সিনিয়র সায়েন্টিস্ট ড. দীপক নাথ। অনুষ্ঠানে প্রিন্সিপাল সায়েন্টিস্ট ড. অনুপম দাস ও কৃষি তত্ত্বাবধায়ক চন্দন দেববর্মা ডাল জাতীয় শস্যাদানা চাষ পদ্ধতি, জমি তৈরী, বায়োসার, জৈবসার প্রয়োগ, রোগ জীবাণু দমন সহ ফসলের পরিচর্যা বিষয়ে হাতে কলমে প্রশিক্ষণ দেন।
